

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
(বাণিজ্য সংগঠন অধিশাখা)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mincom.gov.bd](http://www.mincom.gov.bd)



স্মারক নম্বর ২৬.০০.০০০০.১৫৭.৯৯.০০১.১৮.৩৭৪

তারিখ: ০৮ পৌষ ১৪২৭  
২৩ ডিসেম্বর ২০২০

বিষয়: বাণিজ্য মন্ত্রণালয়ের লাইসেন্সপ্রাপ্ত সকল এসোসিয়েশন/ গুপ/ চেয়ার/ যৌথ চেয়ার/ ফাউন্ডেশনের কার্যনির্বাহী পরিষদের মেয়াদ বৃদ্ধি ও নতুন করে তফসিল ঘোষণাপূর্বক নির্বাচন অনুষ্ঠান।

- সূত্র: ১) বাণিজ্য মন্ত্রণালয়ের ০৮ ডিসেম্বর ২০২০ তারিখের ২৬.০০.০০০০.১৫৭.৯৯.০০১.১৮.৩৬৩ নং স্মারক  
২) বাণিজ্য মন্ত্রণালয়ের ১৫ জুলাই ২০২০ তারিখের ২৬.০০.০০০০.১৫৭.৯৯.০০১.১৮.১৫৪ নং স্মারক  
৩) বাণিজ্য মন্ত্রণালয়ের ২২ মার্চ ২০২০ তারিখের ২৬.০০.০০০০.১৫৭.৯৯.০০১.১৮.১০২ নং স্মারক

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাণিজ্য মন্ত্রণালয়ের লাইসেন্সপ্রাপ্ত যে সকল বাণিজ্য সংগঠনের কার্যনির্বাহী পরিষদের মেয়াদ ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে এবং কোভিড-১৯জনিত সরকারের স্বাগিতাদেশের কারণে যথাসময়ে নির্বাচন অনুষ্ঠান করা সম্ভব হয়নি সে সকল সংগঠনের নির্বাচন অনুষ্ঠানের জন্য আগামী ৩১ মে ২০২১ পর্যন্ত সময় বর্ধিত করা হলো। সূত্রোক্ত ৩নং স্মারকে জারীকৃত 'ইতোমধ্যে ঘোষিত তফসিল অনুযায়ী আজ ২২ মার্চ ২০২০ তারিখ পর্যন্ত গৃহীত পদক্ষেপসমূহ বহাল থাকবে' অংশটুকু প্রত্যাহার করা হলো।

০২। এমতাবস্থায়, নতুন তফসিল ঘোষণা করে বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১, বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এবং স্ব স্ব বাণিজ্য সংগঠনের সংঘস্মারক ও সংঘবিধি অনুসরণপূর্বক সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিত করে নির্বাচন অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

স্বা/-

(ড. মোঃ জাহাঙ্গীর আলম)  
পরিচালক (অতিরিক্ত সচিব)  
বাণিজ্য সংগঠন  
ফোন - ৯৫৪০৬৭৯

ই-মেইল: [director.dto@mincom.gov.bd](mailto:director.dto@mincom.gov.bd)

সভাপতি/ চেয়ারম্যান/ প্রশাসক

.....  
.....

স্মারক নম্বর ২৬.০০.০০০০.১৫৭.৯৯.০০১.১৮.৩৭৪

তারিখ: ০৮ পৌষ ১৪২৭  
২৩ ডিসেম্বর ২০২০

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন (৭ম তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা।
- ০২। ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, টিসিবি ভবন, ১ কারওয়ান বাজার, ঢাকা।
- ০৩। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ঠিকা পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬তল, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ০৪। জেলা প্রশাসক (সকল)।
- ০৫। সভাপতি, এফবিসিসিআইআই, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।
- ০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৭। সচিব এর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৮। সহকারী প্রোগ্রামার, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বাণিজ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৯। ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (অতিরিক্ত সচিব), বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ডিটিও মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১০। অফিস কপি

(ড. মোঃ জাহাঙ্গীর আলম)  
পরিচালক (অতিরিক্ত সচিব)